যায়যায়দিন

তারিখ 11 JUN 2010
পৃষ্ঠা ... কলাম ...

এইচএসসি পরীক্ষার উত্তরপত্র জালিয়াতি

# বগুড়ায় পরীক্ষক দালাল শিক্ষার্থীসহ গ্রেপ্তার ৫

রাজশাহী অফিস

অর্থের বিনিময়ে উত্তরপত্রে লিখিয়ে নেয়ার সময় হাতেনাতে সংশ্লিষ্ট পরীক্ষক, দুই দালাল এবং দুই ছাত্রকে গ্রেপ্তার করেছে রাজশাহী মহানগর গোয়েন্দা পুলিশ। এ সময় এবারের এইচএসসি পরীক্ষার ইংরেজি দ্বিতীয় পত্রের দুটি উত্তরপত্র জব্দ করা হয়। সোমবার বগুড়ার সেউজগাড়ি এলাকায় পরীক্ষকের বাড়ি থেকে এদের গ্রেপ্তার করা হয়। তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে গোয়েন্দা পুলিশ জানায়।

রাজশাহী মহানগর গোয়েন্দা পুলিশের সহকারী কমিশনার মাহফুজুর রহমান জানান, পরীক্ষক আবুল কালাম আজাদ বগুড়ার সান্তাহার শহীদ আহসানুল হক ডিগ্রি কলেজের ইংরেজি বিষয়ের সিনিয়র শিক্ষক। দুই দালাল হলেন রাজশাহীর পবা উপজেলার বালিয়াডাঙ্গা গ্রামের ইব্রাহীম ও রাজশাহীর বাগমারা উপজেলার হাটদামনাশ গ্রামের আলতাফ হোসেন ফটিক এবং রাজশাহীর বরেন্দ্র কলেজের দুই পরীক্ষার্থী হাসিবুর রহমান ও আল আমিন। পুলিশ জানায়, গ্রেপ্তারকৃত দুই ছাত্র রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে এ বছর এইচএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল। ইংরেজি দ্বিতীয়পত্রের পরীক্ষা খারাপ হওয়ায় তারা দুই দালালের সঙ্গে যোগাযোগ করে এবং পরীক্ষক আবুল কালাম আজাদের বাড়িতে যায়। উত্তরপত্রে লিখে দেয়ার সুযোগ করে দেয়ার বিনিময়ে দুই ছাত্রের কাছ থেকে দালালরা ৫ হাজার টাকা করে মোট ১০ হাজার টাকা নেয়। এই দুই ছাত্র পরীক্ষার পরপরই দুই দালালের সঙ্গে যোগাযোগ করেছিল। ডিবি পুলিশ জানিয়েছে, এদের সঙ্গে আরো চক্র জড়িত কিনা তা খতিয়ে দেখা হচ্ছে।



গ্রেপ্তার হওয়ার আগে পরীক্ষক ও দুই ছাত্র — যাযাদি